

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

সিলেট

বিষয়ঃ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২৩-২৪ অর্থ বছরে অনুষ্ঠিত দ্বিতীয় হালনাগাদকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি প্রকৌঃ মোঃ ফারুক হোসেন
মহাব্যবস্থাপক (কোম্পানি সচিব) ও আহ্বায়ক (সিটিজেনস চার্টার)।
সভার তারিখ: ২২-১১-২০২৩
সভার সময়: বেলা ১১.০০ ঘটিকায়
স্থান: প্রধান কার্যালয়স্থ সভাকক্ষ
উপস্থিতি: কমিটির সকল সদস্য

১। ভূমিকাঃ


সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে পূর্ণগঠিত কমিটির একটি সভা গত ২২-১১-২০২৩ তারিখে প্রধান কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যগণ উপস্থিত ছিলেন (উপস্থিতি সংযুক্ত)। সভাপতি শুরুরূপেই উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। আলোচনাঃ

সভাপতি এবং সিটিজেন চার্টার কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এবং কয়েকজন কর্মকর্তার পদোন্নতি এবং বদলীজনিত কারণে এসজিএফএল এর সিটিজেন চার্টারে কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করা প্রয়োজন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০১৭ নির্দেশিকা অনুসারে এবং পেট্রোবাংলার নির্দেশনা মোতাবেক প্রতিশ্রুত সেবা সমূহ ৩টি ভাগে চিহ্নিত করা হয়। নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা এবং সেই মোতাবেক এসজিএফএল এর সিটিজেন চার্টার হালনাগাদ এর লক্ষ্যে প্রস্তুতকৃত খসড়া সিটিজেন চার্টার উপস্থিত সদস্যদের মতামত এর আলোকে চূড়ান্ত করা হয়। তাছাড়া সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে পেট্রোবাংলার সহিত স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন, ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন সহ ৪টি কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি সিটিজেন চার্টার এর সকল নির্দেশনা সমূহ বাস্তবায়নের জন্য কমিটির সকল সদস্যকে আরোও সচেষ্ট হওয়ার আহ্বান জানান। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ত্রৈমাসিক ভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন করতে হবে;
- ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য বৎসরে অন্ততঃ ১টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে; এবং
- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বৎসরে অন্ততঃ ১টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।।


২২/১১/২০২৩
(প্রকৌঃ মোঃ ফারুক হোসেন)

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (প্রশাসন)/(এলপিএম) /(হিসাব ও অর্থ)/(টিএস)/(অপারেশন)/(পিএন্ডডি), এসজিএফএল।
- আহ্বায়ক (এপিএ) কমিটি, এসজিএফএল।
- আহ্বায়ক (নৈতিকতা কমিটি), এসজিএফএল।
- নথি।